

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৬, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সিএ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে চৈত্র ১৪০২/১১ই এপ্রিল ১৯৯৬

এস, আর, ও নং ৪৯-আইন/৯৬—Civil Aviation Ordinance, 1960 (XXXII of 1960) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Civil Aviation Rules, 1984 এর কতিপয় অধিকতর সংশোধনী আনয়নের প্রস্তাব করিতেছেন। প্রস্তাবিত সংশোধনী দ্বারা প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন ব্যক্তিদের অবগতির জন্য উক্ত Ordinance এর section 15(2) এর প্রয়োজন নোভাবেক প্রস্তাবিত সংশোধনীর খসড়া নিম্নে প্রকাশ করা হইল এবং এতদ্বারা নোটিশ প্রদান করা হইল যে, নিম্নের খসড়াতে অন্তর্ভুক্ত সংশোধনী গেজেট জারীর তারিখ হইতে তিন সপ্তাহ অতিবাহিত হইবার পর উক্ত সংশোধনী চূড়ান্তভাবে জারী করিবার জন্য বিবেচনা করা হইবে।

উক্ত খসড়া সংশোধনী সম্পর্কে উল্লেখিত মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কোন আপত্তি বা পরামর্শ পাইলে তাহা বিবেচনা করা হইবে।

খসড়া সংশোধনী

Civil Aviation Rules, 1984 এর SCHEDULE III নিম্নরূপে সংশোধন করা হইবে; যথা:—

উক্ত Schedule এর—

(ক) প্রথম কলামের এন্ট্রি “Chittagong” এর বিপরীতে তৃতীয় কলামে “2.00” সংখ্যাটির পরিবর্তে “5.00” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে; এবং

(৪৮৮৯)

মূল্য : টাকা ১.০০

(ব) প্রথম কলামের এন্ট্রি "Sylhet-Osmany" এর বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামে "5.00" এবং "2.00" সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে "10.00" এবং "5.00" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বি, পি, বড়ুয়া

উপ-সচিব।